



## জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং-০৬(১০১)অংশ-৩/জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৮-২০১৯/২০৮৭

তারিখ: ১৮/১২/২০১৮

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপের অনলাইন আবেদন সম্পর্কিত  
জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপের অনলাইন আবেদন ২৩ ডিসেম্বর ২০১৮ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ০৫ জানুয়ারি ২০১৯ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে যে সকল শিক্ষার্থীর ক) প্রাথমিক আবেদন নিশ্চয়ন হয়েছে কিন্তু মেধা তালিকায় স্থান পায়নি খ) মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হয়নি গ) ভর্তি বাতিল করেছে, সে সকল শিক্ষার্থী রিলিজ স্লিপে আবেদন করতে পারবে। উল্লেখ্য যে, ২য় পর্যায়ে যে সকল শিক্ষার্থীর প্রাথমিক আবেদন নিশ্চয়ন হয়েছে তাদের মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই রিলিজ স্লিপের মাধ্যমে আবেদন করতে হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভর্তি বিষয়ক ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) থেকে এ সংক্রান্ত সকল তথ্য জানা যাবে।

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপের অনলাইন আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
ক)	<p>২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপের অনলাইন আবেদনের তারিখ:</p> <ul style="list-style-type: none"> <li>▶ রিলিজ স্লিপে আবেদনের জন্য শিক্ষার্থীকে নির্দিষ্ট ওয়েবসাইটে (<a href="http://www.nu.ac.bd/admissions">www.nu.ac.bd/admissions</a>) <b>Applicant Login</b> অপশন থেকে <b>Professional login</b> ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর রোল নম্বর ও পিন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।</li> <li>▶ রিলিজ স্লিপে আবেদনের জন্য <b>College Selection option</b> এ গিয়ে আবেদনকারী তার পছন্দ অনুযায়ী কলেজ <b>Select</b> করলে ঐ কলেজে কোর্সভিত্তিক শূন্য আসনের তালিকা ও তার <b>Eligible</b> কোর্সের তালিকা দেখতে পাবে। এ পর্যায়ে আবেদনকারী তার <b>Eligible</b> কোর্সের তালিকা থেকে নতুন করে পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিবে। এভাবে একজন প্রার্থী তার পছন্দ অনুযায়ী <b>তিনটি কলেজে</b> পর্যায়ক্রমে কোর্স পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিতে পারবে।</li> <li>▶ রিলিজ স্লিপের আবেদন সংশ্লিষ্ট কলেজে জমা দিতে হবে না এবং আবেদনকারীকে কোন ফি প্রদান করতে হবে না।</li> <li>▶ রিলিজ স্লিপের আবেদন সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না।</li> </ul>	<p>২৩/১২/২০১৮ থেকে ০৫/০১/২০১৯</p>

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়

ফোন : ৯২৯১০৬৮, ৯২৯২০৮৪

e-mail: [deanug@nubd.info](mailto:deanug@nubd.info)

স্মারক নং-০৬(১০১)অংশ-৩/জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৮-২০১৯/২০৮৭

তারিখ: ১৮/১২/২০১৮

অনুলিপি

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। কলেজ পরিদর্শক, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সচিব, ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৯। অফিস কপি

(মোঃ কামরুল ইসলাম)

উপ-রেজিস্ট্রার

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪